

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা  
www.dncrp.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.১৯.০৪১.১৯. ১০৫৫


তারিখ: ২৬ ডিসেম্বর ২০১৯

কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি জনাব প্রনব কুমার প্রামানিক, সহকারী পরিচালক (গবেষণাগার), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত আছেন। অদ্য ৯.১৫ মিনিটে মহাপরিচালক এর অফিস কক্ষে সভা চলাকালীন সময়ে শিষ্টাচার বহির্ভূত আচরণ করেছেন। উদ্বেগের সাথে লক্ষ্য করা গেছে যে, আপনি উর্ধ্বতন কর্মকর্তা এবং অন্যান্য সহকর্মীর সাথে অসদাচরণ করে আসছেন এবং শিষ্টাচার বহির্ভূত আচরণ পরিহার করার জন্য আপনাকে একাধিকবার মৌখিকভাবে সতর্ক করা হয়েছে।

উল্লেখ্য, আপনার ব্যক্তিগত নথি পর্যালোচনা করে দেখা যায় যে, আপনি যোগদানের পর থেকেই উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসম্মত আদেশ অমান্য করেন, তাদের সাথে অসৌজন্যমূলক আচরণ করেন, অফিসের কর্ম পরিবেশ নষ্ট করেন, অর্পিত দায়িত্ব পালন না করার কারণে কর্তৃপক্ষ কর্তৃক ইতোপূর্বে মৌখিকভাবে ও লিখিতভাবে সতর্ক করা সত্ত্বেও আপনি অভ্যাসগতভাবে দায়িত্ব পালনে অবহেলা করেন ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকেছেন; যার ফলে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা পর্যন্ত রুজু করা হয়েছিল। এতে ধরে নেয়ার যৌক্তিক কারণ রয়েছে যে, আপনি অভ্যাসগতভাবে সংশ্লিষ্ট সকলের সাথে অসদাচরণ করে থাকেন-যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার পরিপন্থী।

যেহেতু একাধিকবার মৌখিকভাবে সতর্ক করার পরেও আপনি শিষ্টাচার বহির্ভূত আচরণ করা অব্যাহত রেখেছেন, সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে অভিযুক্ত করে কেন উক্ত বিধিমালার অধীনে বিভাগীয় মামলা রুজু করে যথোপযুক্ত দন্ড প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তা এ নোটিশ প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
(বাবলু কুমার সাহা)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৮১৮৯৪২৬

ই-মেইল: dg@dncrp.gov.bd

জনাব প্রনব কুমার প্রামানিক  
সহকারী পরিচালক (গবেষণাগার)  
জাতীয় ভোক্তা- অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
প্রধান কার্যালয়, ঢাকা

অনুলিপি:

১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার)/(প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।

৩। অফিস কপি।